ভোরের কাগজ

০৩/৪/২০০৭
তারিখ ...
পৃষ্ঠা ৪ কলাম ৪



ডা. মাহমুদ হাসান

দুজন প্রো-ভিসি নিয়োগ

# ডা. মাহমুদ হাসান বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য

**কাগজ প্রতিবেদক :** বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নতুন ভাইস চ্যান্সেলর হিসেবে ডা. মাহমুদ হাসান যোগ দিয়েছেন। তিনি একই বিশ্ববিদ্যালয়ের গ্যাস্ট্রোইনটেসটাইনাল লিভার এন্ড প্যানক্রিয়েটিক ডিজিসেস বিভাগের বিভাগীয় প্রধান ও চেয়ারম্যান। গতকাল বুধবার তাকে ভিসি পদে নিয়োগ দেওয়া হয়েছে।

ডা. মাহমুদ হাসান ১৯৯৭ সালে তৎকালীন আইজিএমআর-এর যুগ্ম পরিচালকের দায়িত্ব নেন। এরপর তিনি ১৯৯৮ সালে প্রো-ভাইস চ্যান্সেলরের দায়িত্ব পান। তিনি বাংলাদেশ কলেজ অফ ফিজিসিয়ানস এন্ড সার্জনস-এর পরীক্ষা নিয়ন্ত্রক, অনারারি সচিব ও ভাইস প্রেসিডেন্টের দায়িত্ব পালন করেন। উল্লেখ্য, ডা. মাহমুদ হাসান তার কাজের স্বীকৃতিস্বরূপ ১৯৮৯ সালে রয়্যাল কলেজ অফ ফিজিসিয়ানস অফ এডিনবরা থেকে ফেলোশিপে ভূষিত হন।

এ ছাড়া বিএসএমএমইউ-এর সার্জারি বিভাগের ডিন অধ্যাপক রশিদ-ই-মাহবুব এবং এনেসথেশিয়া বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক কাজী মেসবাহ উদ্দিন ইকবালকে ৩ বছরের জন্য প্রো-ভাইস চ্যান্সেলর নিয়োগ করা হয়েছে। তথ্যবিবরণী।